Advocates for Children of New York
Protecting every child's right to learn

কোভিড-19-এর কারণে গ্র্যাজুয়েশন রিকোয়ারমেন্টসে (শর্তাবলী) পরিবর্তনের সারসংক্ষেপ

নিউ ইয়র্কে হাই স্কুল থেকে গ্র্যাজুয়েট করার জন্য শিক্ষার্থীদের সাধারণত 22 ক্রেডিট (NYC-এর ক্ষেত্রে 44 ক্রেডিট) অর্জন করতে হয় এবং 4+1 পরীক্ষায় উত্তীর্ণ (পাস) হতে হয়। আরও তথ্য জানার জন্য, AFC-এর হাই"স্কুল"প্রমোশন"এন্ড"গ্র্যাজুয়েশন"রিকোয়ারমেন্টস ও গ্র্যাজুয়েশন" অপশন্স"ফর"স্টুডেন্টস"উইথ"ডিজ্যাবিলিটিস নির্দেশিকা (গাইড) দেখুন।

কোভিড-19-এর সময়ে কোর্স রিকোয়ারমেন্টসে কোনো পরিবর্তন আনা হয়নি। তবে, জুন ও আগস্ট 2020; জানুয়ারি, জুন ও আগস্ট 2021; এবং জানুয়ারি 2022[1] - -এ অনুষ্ঠিত হতে যাওয়া রিজেন্টস পরীক্ষা বাতিল করা হয়েছে। যেসব শিক্ষার্থীরা এক বা একাধিক পরীক্ষায় অংশ নেওয়ার কথা ছিলো, তাদের জন্য নিউ ইয়র্ক স্টেট গ্র্যাজুয়েশন রিকোয়ারমেন্টসে পরিবর্তন এনেছে। নিচে এসব পরিবর্তনের সারসংক্ষেপ তুলে ধরা হলো।

নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট (NYSED) থেকে আরও তথ্য জানার জন্য, অনুগ্রহ করে দেখুন: জুন ও আগস্ট 2020 গাইডেন্স এবং FAQ; জানুয়ারি 2021 গাইডেন্স এবং FAQ; জুন ও আগস্ট 2021 গাইডেন্স এবং FAQ; এবং জানুয়ারি 2022 গাইডেন্স এবং FAQ.

রিজেন্টস পরীক্ষা সংক্রান্ত এক্সেম্পশন (অব্যাহতি):

কোভিড-19-এর কারণে বাতিল হওয়া রিজেন্টস পরীক্ষায় যেসব শিক্ষার্থীদের অংশ নেওয়ার কথা ছিলো, তারা ঐ নির্দিষ্ট সাবজেক্টে রিজেন্টস পরীক্ষা ছাড়াই গ্র্যাজুয়েট করতে পারবে যদি নিচের <u>যেকোনো একটি</u> শর্ত পূরণ করা হয়ে থাকে:

- তারা একটি রিজেন্টস কোর্স বা মেক-আপ প্রোগ্রাম সম্পন্ন করেছে এবং সিকোয়েন্স অনুযায়ী 2021-22 স্কুল বর্ষের প্রথম সেমিস্টার শেষে সকল ক্রেডিট অর্জন করেছে; অথবা
- 7th বা 8th শ্রেণির শিক্ষার্থী হিসেবে তারা 2019-20 বা 2020-21 স্কুল বর্ষে কোনো রিজেন্টস কোর্সে পাস করেছে।

কোভিড-19 সময়কালীন রিজেন্টস পরীক্ষা সংক্রান্ত এক্সেম্পশন আমার ট্রান্সক্রিপ্টে কীভাবে দেখানো হবে?

- আপনার ট্রান্সক্রিপ্টে পরীক্ষার পাশে আপনি "WA" বা "E" দেখতে পাবেন। যদি মনে হয় আপনি এক্সেম্পশন পাওয়ার যোগ্য এবং সেটা আপনার ট্রান্সক্রিপ্টে দেখানো হয়নি, তাহলে দেরি না করে আপনার গাইডেন্স কাউন্সিলরের সাথে কথা বলুন।

[1] U.S. হিস্ট্রি রিজেন্টস পরীক্ষাও জুন 2022-এ বাতিল করা হয়েছে যদিও তা কোভিড-19-এর জন্য ছিলো না। আপনি সেই রিজেন্টস পরীক্ষায় অংশ নিতে চেয়েও দিতে পারেননি - এমনটা হয়ে থাকলে, সেক্ষেত্রে আপনি রিজেন্টস এক্সেম্পশন পাবেন।

- আপনি রিজেন্টস ডিপ্লোমা নিয়ে গ্র্যাজুয়েট করতে পারেন যদি 4+1 পরীক্ষার ক্ষেত্রে আপনি কোভিড-19 সময়কালীন এক্সেম্পশন পেয়ে থাকেন বা কোভিড-19 সময়কালীন এক্সেম্পশনের পাশাপাশি রিজেন্টস পরীক্ষাতেও পাস নম্বর পেয়ে থাকেন।
- অনার্স/অ্যাডভ্যান্সড রিজেন্টস ডিপ্লোমার ফলাফল এক্সেম্পশন পাওয়া পরীক্ষার নম্বর ছাড়াই গণনা করা হয়ে থাকে।
- ডিজ্যাবিলিটি (অক্ষমতা) আছে এমন শিক্ষার্থী ও ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নারদের জন্য সেফটি নেট অপশন্স এখনও উপলভ্য রয়েছে। আরও তথ্য জানার জন্য, AFC-এর হাই"স্কুল"প্রমোশন"এন্ড"গ্র্যাজুয়েশন"রিকোয়ারমেন্টস ও গ্র্যাজুয়েশন"অপশন্স"ফর"স্টুডেন্টস"উইথ"ডিজ্যাবিলিটিস নির্দেশিকা (গাইড) দেখুন। দ্রষ্টব্য: ডিজ্যাবিলিটি আছে এমন শিক্ষার্থীদের মধ্যে যারা কম্পেনসেটরি সেফটি নেট সুবিধা পাচ্ছে, তারা অন্য সাবজেক্টের রিজেন্টস পরীক্ষায় কম নম্বর (45-54) পেয়ে থাকলে, তার জন্য কোভিড-19 সময়কালীন এক্সেম্পশন ব্যবহার করতে পারবে না।

কোভিড-19 সময়কালীন এক্সেম্পশন ডিক্লাইন (প্রত্যাখান) করার পর আমি কী আবার সেটার জন্য অনুরোধ জানাতে পারবো?

না। 2019-20, 2020-21 ও 2021-22 স্কুল বর্ষে অভিভাবকদের কাছে কোভিড-19 সময়কালীন এক্সেম্পশন ডিক্লাইন করার অপশন ছিলো। বয়স যতই হোক না কেনো, শিক্ষার্থীরা নিজেরা এক্সেম্পশন ডিক্লাইন করতে পারে না। নির্দিষ্ট কিছু এক্সেম্পশন ডিক্লাইন করে অন্য সবগুলো গ্রহণ করার স্বাধীনতা অভিভাবকদের রয়েছে। অভিভাবক একবার ডিক্লাইন করে দেওয়ার পর আপনি নিজে থেকে পরে সেই এক্সেম্পশনের জন্য অনুরোধ জানাতে পারবেন না।

রিজেন্ট পরীক্ষার আপিল

সাধারণত, আপনি রিজেন্টস পরীক্ষার আপিল করতে পারবেন যদি আপনি:

1. পরীক্ষায় 60-64 নম্বর পেয়ে থাকেন;
2. অন্তত দুইবার পরীক্ষাটি দিয়ে থাকেন;
3. ঐ সাবজেক্টের জন্য স্কুলে অ্যাকাডেমিক হেল্প (শিক্ষা সংক্রান্ত সহায়তা) পেয়ে থাকেন; এবং
4. আপনার শিক্ষক বা ডিপার্টমেন্ট হেডের কাছ থেকে রেকোমেন্ডেশন (সুপারিশ) পেয়ে থাকেন।

কোভিড-19-এর সময়ে আপিল করার রিকোয়ারমেন্টস ফ্লেক্সিবল (নমনীয়) করা হয়েছে। যদি জুন 2022 থেকে আগস্ট 2023-এর মধ্যে আপনি কোনো রিজেন্টস পরীক্ষায় অংশগ্রহণ করে থাকেন, তাহলে আপনি আপিল করতে পারবেন যদি আপনি:

1. পরীক্ষায় 50-64 নম্বর পেয়ে থাকেন; এবং
2. রিলেটেড (সংশ্লিষ্ট) রিজেন্টস কোর্সটিতে পাস করে থাকেন।

উপরে উল্লিখিত অন্য দুইটি রিকোয়ারমেন্টস আপনার পূরণ না করলেও চলবে এবং এই সময়ের মধ্যে আপনি কোনো ধরনের সীমা ছাড়াই যতবার খুশি ততবার পরীক্ষার আপিল করতে পারবেন। আরও তথ্য জানার জন্য AFC-এর টিপ"শিট দেখুন।

হাই স্কুল ইকুইভ্যালেন্সি (সমমান) ও GED

সাধারণত যেসব শিক্ষার্থীরা ডিপ্লোমা ছাড়াই হাই স্কুল ছেড়ে যায়, তারা 4টি GED সাব-টেস্ট: ম্যাথ (গণিত), সায়েন্স (বিজ্ঞান), সোশ্যাল স্টাডিজ (সামাজিক শিক্ষা) ও রিজনিং থ্রু ল্যাঙ্গুয়েজ আর্টস (ভাষার মাধ্যমে যুক্তির ব্যবহার)-এ পাস করে হাই স্কুল ইকুইভ্যালেন্সি (HSE) অর্জন করতে

পারে। 2014 থেকে 2021 পর্যন্ত নিউ ইয়র্কে ভিন্ন একটি HSE পরীক্ষা ব্যবহার করা হয়েছিলো যার নাম হলো TASC। বর্তমানে TASC অর্জনের কোনো সুযোগ নেই।

GED সাব-টেস্টে পাওয়া পাস নম্বর, রিজেন্টস পরীক্ষায় পাওয়া পাস নম্বর, কোভিড-19 সময়কালীন রিজেন্টস পরীক্ষায় পাওয়া এক্সেম্পশন ও TASC সাব-টেস্টে পাওয়া পাস নম্বর কম্বাইন (একত্র) করেও শিক্ষার্থীরা তাদের HSE ডিপ্লোমা অর্জন করতে পারবে। ***HSE ডিপ্লোমা অর্জন করার জন্য শিক্ষার্থীদেরকে অন্তত একটি GED সাব-টেস্টে অবশ্যই পাস করতে হবে।*** আরও তথ্য জানার জন্য NYSED FAQ ও AFC-এর রকিং"দা"GED গাইড দেখুন।

এই তথ্য শিট কোনো আইনী পরামর্শ নয়। এই তথ্য শিটে AFC-এর মতামত প্রকাশ করা ছাড়াই বিদ্যমান নীতিমালা বা আইনের সারসংক্ষেপ তুলে ধরার চেষ্টা করা হয়েছে। আইনী যেকোনো সমস্যার জন্য অনুগ্রহ করে একজন অ্যাটর্নি বা অ্যাডভোকেটের সাথে যোগাযোগ করুন।

অ্যাডভোকেটস ফর চিলড্রেন অফ নিউ ইয়র্ক, ইংক দ্বারা সর্বস্বত্ব সংরক্ষিত, কপিরাইট © এপ্রিল 2022